

পবিত্র বাইবেল পরিচিতি ও পর্যালোচনা

বিভাগ/অধ্যায়ঃ পঞ্চম অধ্যায় - বিকৃতি রচয়িতা/সঙ্কলকঃ ড. খোন্দকার আনুল্লাহ জাহাঙ্গীর (রহ.)

৫. ৩. ২. মথি ২০ অধ্যায়ের সংযোজিত ও বিয়োজিত রূপ

মথি ২০/২২-২৩ কিং জেমস ভার্শনে নিম্নরপ: "But Jesus answered and said, Ye know not what ye ask. Are ye able to drink of the cup that I shall drink of, and to be baptized with the baptism that I am baptized with? They say unto him, We are able. And he saith unto them, Ye shall drink indeed of my cup, and be baptized with the baptism that I am baptized with: but to sit on my right hand, and on my left, is not mine to give, but it shall be given to them for whom it is prepared of my Father."

কেরি ও কিতাবুল মোকাদ্স-১৩-এর আলোকে অনুবাদ: "কিন্তু জবাবে ঈসা বললেন, তোমরা কি যাচ্ঞা করছ, তা বুঝ না; আমি যে পাত্রে পান করতে যাচ্ছি, তাতে কি তোমরা পান করতে পার? এবং যে বাপ্তিস্মে আমি বাপ্তিস্ম-কৃত হয়েছি, তোমরা কি সেই বাপ্তিস্মে বাপ্তিস্ম-কৃত হতে পার? তাঁরা বললেন, পারি। তিনি তাঁদেরকে বললেন, তোমরা আমার পাত্রে পান করবে বটে, এবং যে বাপ্তিস্মে আমি বাপ্তিস্ম-কৃত হয়েছি, তোমরা সেই বাপ্তিস্মে বাপ্তিস্মকৃত হবে বটে, কিন্তু যাদের জন্য আমার পিতা কর্তৃক স্থান প্রস্তুত করা হয়েছে, তাদের ছাড়া আর কাউকেও আমার ডান পাশে ও বাম পাশে বসতে দেবার আমার অধিকার নেই।"

এখানে যে বাক্যাংশ বা বাক্যগুলোর নিম্নে দাগ দেওয়া হয়েছে (underlined) রিভাইজড স্টান্ডার্ড ভার্শন ও বাংলা সংস্করণগুলোতে সেগুলো বাদ দেওয়া হয়েছে।

Source — https://www.hadithbd.com/books/link/?id=14230

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন